# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩৬৮.১৭-৩৭৭

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন, ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ১৩ (ক), ১৩ (খ), ১৮ (২) অনুযায়ী ০১-০৭-২০২৬ থেকে ০৫-০৮-২০২৬ খ্রি. পর্যন্ত সুবিধাজনক সময়ে রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন এবং সুবিধাজনক সময়ে জুলাই গণঅভ্যুত্থান দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করা জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

৩০/৬/২০২৬

(মোঃ আল মাসুদ করিম)
সচিব (উপসচিব)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান
সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০২.১৮.৩৬৮.১৭-৩৭৭(১০)

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন, ২০২৬ খ্রি.

বিতরণঃ সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩-৭। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সহকারি সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট নথি।

৩০.০৬.২৬

(মোঃ আব্দুল্লা আল মাবুদ)
উপসচিব (প্রশাসন) অঃ দাঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৭১ তারিখ: ৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

বিষয়: : জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.১৯০; তারিখ: ০৩ জুন ২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে গত ৩ মে ২০২৬ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

১৩. (ক) রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন;

১৩. (খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা।

১৮.২ আগামী ০১-০৭-২০২৬ থেকে ০৫-০৮-২০২৬ পর্যন্ত সুবিধাজনক সময়ে রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে জুলাই গণঅভ্যুত্থান দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করতে হবে।

০২। এমতাবস্থায়, জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালনের উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভায় এ বিভাগ সংশ্লিষ্ট গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে কার্যক্রম গ্রহণ ও যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

AS
২৩.০৬.২৬

সংযুক্তিঃ
১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পত্র।
২। সভার কার্যবিবরণী।

২৩/০৬/২০২৬
ড. মো: মনিরুল ইসলাম
উপসচিব
০২-৫৫১০১০৭৪
sascordinet@tmed.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বেইলি রোড, ঢাকা;
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৭১ /১(৫) তারিখ: ৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :
১। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সচিব, [দৃ: আ: উপসচিব, প্রশাসন-২ শাখা] বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া;
৩। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও মুখ্য হিসাবদানকারী কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
৫। অফিস কপি।

সচিব মহোদয়ের দপ্তর
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

- ☐ পরিচালক (কারিঃ/সিবিটি/প্রকল্প)
- ☐ পরিদর্শক
- ☐ পরীক্ষা নিয়ন্ত্রক
- ☐ উপ সচিব (প্রশাসন/রেজিঃ)
- ☐ উপ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)
- ☐ উপ পরিচালক (প্রকাশনা)
- ☐ সিস্টেম এনালিস্ট
- ☐ প্রকিউরমেন্ট অফিসার
- ☐ পিএ
- ☐ ..............................

সচিব মহোদয়ের স্বাক্ষর
23 JUN 2026

২৩/০৬/২০২৬
ড. মো: মনিরুল ইসলাম
উপসচিব

সচিব মহোদয়ের দপ্তর
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ক্রমিক নং....2899..........
স্বাক্ষর ও তারিখ..............

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুলভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-২ শাখা)
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬. ১৯০ তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

বিষয়: **'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে **'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬'** পালন উপলক্ষ্যে গত ৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী এ সাথে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১৪ পৃষ্ঠা।

(শবনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)
টেলিফোন-০২২২৩৩৮৫৩১৭
ইমেইল: dsadmin2@molwa.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সেনাবাহিনী প্রধান, বাংলাদেশ সেনাবাহিনী/নৌ-বাহিনী প্রধান, বাংলাদেশ নৌ-বাহিনী/বিমান বাহিনী প্রধান, বাংলাদেশ বিমান বাহিনী/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৬। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সিনিয়র সচিব, সুপ্রীম কোর্ট সচিবালয়, ঢাকা
৮। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা
৯। রাষ্ট্রপতির সামরিক সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১০। প্রধানমন্ত্রীর সামরিক সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
১১। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১২। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
১৫। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬। সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা
১৭। সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
১৯। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
২৪।সচিব, শিল্প মন্ত্রণালয়, ৯১ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাঃ ও অর্থ) এর দপ্তর
ডাইরী নং- ২৬৬২
তারিখ 11 JUN 2026

যুগ্মসচিব (প্রশাসন-৩) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
উপসচিব/সিঃসহঃসচিব (সমন্বয়)
উপসচিব/সিঃসহঃসচিব (সংসদ)
সিঃএনালিস্ট/প্রোগ্রামার (আইসিটি)
ব্যক্তিগত কর্মকর্তা
অন্যান্য

Anisul Islam (15013)
Joint Secretary
Technical and Madrasah Education Division
Ministry of Education
Govt. of the People's Republic of Bangladesh

৬৭৮

২৫। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা
২৬। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
২৮। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৯। সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৩০। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩১। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
৩৩। সচিব, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা
৩৪। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭। সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৮। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৯। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগাঁরগাও, ঢাকা
৪১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৩। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৫। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫০। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৩। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২, নিউ ইস্কাটন রোড, ঢাকা
৫৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৫। সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা
৫৬। সচিব, কারিগরি ও মাদ্রাসা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬০। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৬১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
৬২। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬৩। মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা/জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এনএসআই), ঢাকা/বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা/আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা/কোস্ট গার্ড, আগারগাঁও, ঢাকা
৬৪। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা
৬৫। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকা
৬৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, ফুলবাড়িয়া, ঢাকা
৬৮। মহাপরিচালক, বিএনসিসি, উত্তরা, ঢাকা

৬৯। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা
৭০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮, মতিঝিল, ঢাকা
৭১। মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা
৭২। বিভাগীয় কমিশনার (সকল)
৭৩। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর/বাংলাদেশ টেলিভিশন, রামপুরা/বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
৭৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা
৭৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান, ঢাকা
৭৬। আহ্বায়ক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, ঢাকা
৭৭। জেলা প্রশাসক (সকল)
৭৮। পুলিশ সুপার, (সকল)
৭৯। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা/ট্রাস্টি ও সদস্য সচিব, মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁও, ঢাকা/নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, ঢাকা
৮০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
৮১। প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, সেগুনবাগিচা, ঢাকা
৮২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৮৩। সিস্টেম এনালিস্ট, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮৪। অফিসার ইনচার্জ (সকল থানা)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬. ১৯৩

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৩। সচিবের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩/০৬/২৬

(শবনম মুস্তারী রিক্তা)
উপসচিব (প্রশাসন-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
www.molwa.gov.bd

**'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আহমেদ আযম খান, এমপি<br>মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ০৩-০৫-২০২৬, বেলা: ০৩:০০ টা। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬০৫)। |

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: পরিশিষ্ট 'ক'

সভাপতি ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে আয়োজিত আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি জুলাই গণঅভ্যুত্থানে শহিদ ও আহত জুলাই যোদ্ধাদের গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভাপতি বলেন, জুলাই গণঅভ্যুত্থান ছিল গণতন্ত্র ও ন্যায় বিচার নিশ্চিত করার আন্দোলন। দীর্ঘ ১৬ বছরের গুম, খুন, মিথ্যা মামলা, বৈষম্যের বিরুদ্ধে ছাত্র জনতার তীব্র ক্ষোভ ও ত্যাগের ফসল হলো জুলাই গণঅভ্যুত্থান। এ অভ্যুত্থানের মাধ্যমে আমরা যা অর্জন করেছি সে চেতনা ও উদ্দেশ্য বাস্তবায়ন করাই এখন আমাদের প্রধান কাজ এবং প্রধান চ্যালেঞ্জ। ঐতিহাসিক এ অভ্যুত্থানের চেতনা রাষ্ট্রীয় ও জাতীয় জীবনে সুপ্রতিষ্ঠিত করা এবং আপামর জনগণের কাছে এরূপ তাৎপর্য তুলে ধরার লক্ষ্যে সরকার ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। তিনি বর্ণিত দিবস পালনে যে কর্মসূচিগুলো জাতির জন্য গুরুত্বপূর্ণ এবং বস্তুনিষ্ঠ সে বিষয়ে সকলকে সুচিন্তিত মতামত প্রদানের আহ্বান জানান। পাশাপাশি তিনি মধ্যপ্রাচ্যের সৃষ্ট উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত চলমান অর্থনৈতিক সংকট বিবেচনা করে কর্মসূচি প্রণয়নের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

২.০। সভায় মাননীয় প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, মহান মুক্তিযুদ্ধ ও জুলাই গণঅভ্যুত্থান এর ঐতিহাসিক চেতনাকে ধারণা করে আমাদের বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করতে হবে। যাঁদের রক্তের বিনিময়ে এবং যাঁদের সীমাহীন ত্যাগের ফলে আমরা এ দেশটাকে নতুন করে গড়ার সুযোগ পেয়েছি, তাঁদের অবদানকে স্মরণীয় করে রাখতে হবে। তিনি দিবসটি পালনে কর্মসূচি প্রণয়নে সকলকে সুচিন্তিত পরামর্শ প্রদানের আহ্বান করেন।

৩.০। সভাপতির অনুমতিক্রমে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সভায় জুলাই গণঅভ্যুত্থানে জীবন উৎসর্গকারী সকল শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানে অংশগ্রহণ করে শত শত ছাত্র জনতা শহিদ ও গুরুতর আহন হন। তাঁদের কল্যাণ ও পুনবার্সনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি জানান মন্ত্রিপরিষদ বিভাগের ১১ মার্চ ২০২৬ তারিখের ০৪.০০.০০০০. ০০০.৪১৬.২৩.০০০২.২৫.১৩২ সংখ্যক পরিপত্র অনুযায়ী ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবসকে 'ক' শ্রেণির জাতীয় দিবস হিসেবে ঘোষণা করা হয়। ২০২৫ সালে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা প্রণয়ন করে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করা হয়েছিল। তিনি চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধসহ নতুন করে মধ্যপ্রাচ্যের সৃষ্ট উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি এবং বর্তমান আর্থিক সীমাবদ্ধতা বিবেচনায় আগামী ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' যথাযোগ্য মর্যাদার সাথে পালন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়নে সভায় উপস্থিত সকলকে পরামর্শ প্রদানের আহ্বান জানান।

৪.০। সভায় সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং জুলাই ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা, জুলাই শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের প্রতিনিধিগণ স্ব-স্ব অবস্থানে থেকে তাঁদের বক্তব্য ও মতামত ব্যক্ত করেন।

৮৭৫

৫.০। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জুলাই গণঅভ্যুত্থান দিবসের খসড়া জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন। অত:পর বিস্তারিত আলোচনা-পর্যালোচনা ও মতামতের ভিত্তিতে ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে নিম্নরূপ জাতীয় কর্মসূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

**০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি:**

| ক্রমিক নম্বর | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | ০৫ আগস্ট ২০২৬ তারিখে বাণী ও ক্রোড়পত্র প্রকাশ | (ক) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধান মন্ত্রী, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং মাননীয় প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এঁর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ।<br>(খ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ। | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, 'বাণী প্রণয়ন, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি'। |
| ০২. | ৫ আগস্ট ২০২৬ তারিখে পুষ্পস্তবক অর্পণ | ৬৪ জেলায় জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল),সিটি কর্পোরেশন (সকল)। |
| ০৩. | আলোকচিত্র /প্রামাণ্য চিত্র প্রদর্শনী | ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে জুলাই আন্দোলনের উপর বস্তুনিষ্ঠ ও নৈর্ব্যক্তিক দুর্লভ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনী। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সিটি কর্পোরেশন (সকল) এবং পৌরসভা (সকল)। |
| ০৪. | বিশেষ মোনাজাত/প্রার্থনা | ০৫-০৮-২০২৬ তারিখ বাদ জোহর/সুবিধাজনক সময়ে সারাদেশে বিশেষ মোনাজাত/ প্রার্থনা। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৫. | ০৫ আগস্ট ২০২৬ তারিখে দিবসের তাৎপর্য তুলে ধরে | (ক) সকাল ১১:০০ টায় ঢাকায় বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই শহিদ পরিবার | (ক) জেলা প্রশাসন, ঢাকা, বিভাগীয় কমিশনার, ঢাকা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ বিভাগ, |

৬৭৪

| ক্রমিক নম্বর | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | আলোচনা সভা ও সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন | এবং জুলাই যোদ্ধাদের সংবর্ধনা ও দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান আয়োজন;<br><br>(খ) সকল জেলায় জুলাই শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের সংবর্ধনা ও দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান আয়োজন। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর;<br><br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, পুলিশ হেডকোয়ার্টার্স, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৬. | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/ হাইকমিশনসমূহে আলোচনা সভা আয়োজন | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে আলোচনা সভা আয়োজন (বিদেশি অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন/ গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত বাংলাদেশিদের অংশগ্রহণে) | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন ও মিশন প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। |
| ০৭. | জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অনুষ্ঠানমালা প্রচার | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অনুষ্ঠানমালা প্রচার। | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর। |
| ০৮. | চলচ্চিত্র/প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন | জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন/ উন্মুক্ত স্থানে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত চলচ্চিত্র প্রদর্শনী ও প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ০৯. | ০৫ আগস্ট ২০২৬ তারিখে জাদুঘরসমূহ উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা | (ক) সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা;<br>(খ) দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থান শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করা। | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), সিটি কর্পোরেশন (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, সশস্ত্র বাহিনী বিভাগ, বিএনসিসি, বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ জাতীয় জাদুঘর, নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বাংলাদেশ নৌ-বাহিনী জাদুঘর, বিমান বাহিনী জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, জুলাই গণঅভ্যুত্থান স্মৃতি জাদুঘরসহ অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), পুলিশ |

| ক্রমিক নম্বর | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | | সুপার (সকল), সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১০. | ০৫ আগস্ট ২০২৬ তারিখে প্রীতিভোজের আয়োজন | দেশের সকল সরকারি হাসপাতাল, কারাগার, সরকারি শিশু পরিবার, শিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, ডে কেয়ার ও শিশু বিকাশ কেন্দ্র এবং ভবঘুরে প্রতিষ্ঠানসমূহে প্রীতিভোজের আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১১. | সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ | ঢাকা এবং দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিতকরণ। | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ১২. | স্মারক ডাকটিকিট প্রকাশ | জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট প্রকাশ। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক অধিদপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। |
| ১৩. | রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন | ক. রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন;<br><br>খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা। | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ১৪. | বিবিধ | জুলাই স্মৃতিস্তম্ভসমূহে আলোক সজ্জিতকরণ | মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল)। |

১৩২

৬.০। ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে আলোচনা ও সিদ্ধান্ত:

৬.১ **কর্মসূচি-১: ০৫-০৮-২০২৬ তারিখে বাণী ও ক্রোড়পত্র প্রকাশ:**

৬.২ **আলোচনা:** ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং মাননীয় প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এঁর বাণী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় উপস্থিত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান, সভায় জুলাই গণঅভ্যুত্থান দিবস পালন উপলক্ষ্যে যে কর্মসূচি গ্রহণ করা হবে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সেটি বাস্তবায়ন করবে।

৬.৩ **সিদ্ধান্ত:** ৬.৩.১ মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং মাননীয় প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এঁর বাণী প্রিন্ট, ইলেক্ট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করতে হবে;

৬.৩.২ সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ করতে হবে।

৬.৪ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর এবং 'বাণী প্রণয়ন, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি'।

৭.০। **কর্মসূচি-২: ০৫-০৮-২০২৬ পুষ্পস্তবক অর্পণ:**

৭.১ **আলোচনা:** ৬৪ জেলায় জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ এর বিষয়ে আলোচনা হয়। সভায় শহিদ স্মৃতিস্তম্ভ সংশ্লিষ্ট এলাকার রাস্তাঘাট সংস্কারের পাশাপাশি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার বিষয়ে সকলে একমত পোষণ করেন। গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, পুষ্পস্তবক অর্পণের ক্ষেত্রে শহিদ স্মৃতিস্তম্ভ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ উক্ত মন্ত্রণালয় সার্বিক কার্যক্রম গ্রহণ করবে। সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিনিধি জানান সংশ্লিষ্ট এলাকার রাস্তাঘাট সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭.২ **সিদ্ধান্ত:** ৭.২.১ সকল জেলায় জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করতে হবে;

**৭.২.২ ঢাকায় শাহবাগে অবস্থিত জুলাই শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করতে হবে;**

৭.২.৩ সকল জুলাই শহিদ স্মৃতিস্তম্ভ পরিষ্কার- পরিচ্ছন্ন রাখতে হবে;

৭.২.৪ শহিদ স্মৃতিস্তম্ভ সংশ্লিষ্ট এলাকার রাস্তাঘাট সংস্কার করতে হবে;

৭.২.৫ শহিদ স্মৃতিস্তম্ভ সংশ্লিষ্ট এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;

৭.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সিটি কর্পোরেশন (সকল)।

৮.০। **কর্মসূচি-৩: ০৫-০৮-২০২৬ তারিখে আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী:**

৮.১ **আলোচনা:** সভায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, ২০২৫ সালে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ৩৬ দিনব্যাপী জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা গ্রহণ করে দিবসটি পালন করে। আজকের সভায় গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়নে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। সভায় দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শন এবং গৃহীত কর্মসূচি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচারের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

৮.২ **সিদ্ধান্ত:** ৮.২.১ ০৫-০৮-২০২৬ ঢাকাসহ সকল সিটি কর্পোরেশনের মিনিপোলগুলোতে জুলাই গণঅভ্যুত্থানের উপর দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে এবং গৃহীত কর্মসূচি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে প্রচার করতে হবে;

৮.২.২ দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে আলোকচিত্র/প্রামাণ্যচিত্র নির্বাচন ও প্রদর্শন বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৮.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সিটি কর্পোরেশন (সকল) এবং পৌরসভা (সকল)।

৯.০। **কর্মসূচি-০৪: ০৫-০৮-২০২৬ মোনাজাত/প্রার্থনা:**

৯.১ **আলোচনা:** জুলাই শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত, জুলাই যোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা, ও অন্যান্য উপাসনালয়ে মোনাজাত/ প্রার্থনা করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, এ বছর গৃহীত জাতীয় কর্মসূচি বাস্তবায়নে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সর্বাত্মক কার্যক্রম গ্রহণ করবে।

৯.২ **সিদ্ধান্ত:** জুলাই শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত ও জুলাই যোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/ প্রার্থনা করতে হবে।

৯.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১০.০। **কর্মসূচি-৫: ০৫-০৮-২০২৬ সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন:**

১০.১ **আলোচনা:** ০৫-০৮-২০২৬ তারিখে শহিদ পরিবার ও জুলাই যোদ্ধাদের সম্মানে সংবর্ধনা ও দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ অনুষ্ঠান কেন্দ্রীয়ভাবে ঢাকায় বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি সকল জেলায় জুলাই যোদ্ধাদের সম্মানে সংবর্ধনা অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে মর্মে সকল সদস্য একমত পোষণ করেন। সভায় উপস্থিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, ০৫ আগস্ট ২০২৬ বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রের ভেন্যু বুকিংসহ জুলাই স্মৃতিস্তম্ভে আলোকসজ্জার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। পুলিশ হেডকোয়ার্টার্সের প্রতিনিধি জানান যে, দিবসটি পালনের নিমিত্ত সার্বিক নিরাপত্তা এবং ট্রাফিক ব্যবস্থাপনার বিষয়ে সারাদেশে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

১০.২ **সিদ্ধান্ত: ১০.২.১** সকাল ১১:০০ টায় ঢাকায় বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক জুলাই শহিদ পরিবার এবং জুলাই যোদ্ধাদের সংবর্ধনা ও দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করতে হবে;

১০.২.২ জেলা পর্যায়ে শহিদ পবিবার ও জুলাই যোদ্ধাদের সম্মানে সংবর্ধনা ও দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান আয়োজন করতে হবে;

১০.২.৩ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক ০৫ আগস্ট ২০২৬ তারিখে বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্র বিনা ভাড়ায় বুকিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, অর্থ বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, পুলিশ হেডকোয়ার্টার্স, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর, ঢাকাসহ সকল বিভাগীয় কমিশনার, ডিআইজি (সকল), ঢাকাসহ সকল জেলা প্রশাসক, পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১১.০। **কর্মসূচি-০৬: ০৫-০৮-২০২৬ বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে আলোচনা সভা আয়োজন:**

১১.১ **আলোচনা:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনা অনুষ্ঠান সুবিধাজনক সময়ে বিদেশি অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/ স্থানীয় প্রশাসন/গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত শহিদ পরিবারের সদস্য/জুলাই যোদ্ধা/ বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে আয়োজন করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়।

১১.২ **সিদ্ধান্ত:** বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত আলোচনা অনুষ্ঠান (সুবিধাজনক সময়ে) আয়োজন (বিদেশি অধ্যাপক/ প্রথিতযশা নাগরিক/স্থানীয় প্রশাসন/ গণ্যমান্য ব্যক্তিবর্গ/ শিল্পী-সাহিত্যিক/ রাজনৈতিক ব্যক্তিবর্গ/ সাংবাদিক/ গণমাধ্যম ব্যক্তিবর্গ/ বিদেশে অবস্থানরত শহিদ পরিবারের সদস্য/জুলাই যোদ্ধা/বাংলাদেশি নাগরিকদের অংশগ্রহণে) করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, জাতীয় কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি জানান যে, জাতীয় কর্মসূচি বাস্তবায়নে উক্ত বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১১.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, হাইকমিশন ও মিশন প্রধান (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

১২.০। **কর্মসূচি-০৭: ০৫-০৮-২০২৬ অনুষ্ঠানমালা প্রচার:**

১২.১ **আলোচনা:** বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি বেতার/ টিভি চ্যানেলে জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে আলোচনা হয়। অনুষ্ঠানমালা প্রচারের বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বিশেষ সতর্কতা অবলম্বন করবে। দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে আলোকচিত্র/প্রামাণ্যচিত্র নির্বাচন ও প্রদর্শন বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.২ **সিদ্ধান্ত: ১২.২.১** বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারসহ বিভিন্ন বেসরকারি বেতার/টিভি চ্যানেলে জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে অনুষ্ঠানমালা প্রচার করতে হবে;

**১২.২.২** জুলাই গণঅভ্যুত্থান দিবসের অনুষ্ঠানমালা প্রচারে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১২.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

১৩.০। **কর্মসূচি-০৮: ০৫-০৮-২০২৬ চলচ্চিত্র/ প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন:**

১৩.১ **আলোচনা:** সভায় দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্যপূর্ণ চলচ্চিত্র নির্বাচন এবং প্রামাণ্য চিত্র প্রদর্শনীর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। আলোচনায় বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রামাণ্য চিত্র প্রদর্শনের প্রস্তাব

করা হয়। এ ধরণের প্রদর্শনীর ফলে জুলাই যুদ্ধের চেতনা সর্বসাধারণের নিকট সফল ও ব্যাপকভাবে পৌছাে যাবে বলে মতামত প্রকাশ করা হয়। এ বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**১৩.২ সিদ্ধান্ত: ১৩.২.১** দেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য চলচ্চিত্র প্রদর্শন এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তন বা উন্মুক্ত স্থানে দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্য রেখে প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করতে হবে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজনে দিবসের তাৎপর্যের সাথে সামঞ্জস্যপূর্ণ চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র নির্বাচন ও প্রদর্শন বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৩.২.২ ব্যাপক প্রচারণার জন্য বিভিন্ন ধরনের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করতে হবে।

**১৩.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) ও উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৪.০। **কর্মসূচি-০৯: ০৫-০৮-২০২৬ জাদুঘরসমূহ ও বিনোদনমূলক স্থান উন্মুক্ত রাখা এবং বিনা-টিকিটে প্রদর্শনের ব্যবস্থা:**

**১৪.১ আলোচনা:** সভায় সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ এবং সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থানসমূহ শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা, বিনা টিকিটে প্রদর্শন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**১৪.২ সিদ্ধান্ত: ১৪.২.১** সরকারি ও বেসরকারি/ স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে;

১৪.২.২ দেশের সকল সরকারি ও বেসরকারি বিনোদনমূলক স্থানসমূহ শিশুদের জন্য সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

**১৪.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), সিটি কর্পোরেশন (সকল), এনজিও বিষয়ক ব্যুরো, সশস্ত্র বাহিনী বিভাগ, বিএনসিসি, বাংলাদেশ স্কাউটস, বাংলাদেশ জাতীয় জাদুঘর, নভোথিয়েটার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, সামরিক জাদুঘর, বাংলাদেশ নৌ-বাহিনী জাদুঘর, বিমান বাহিনী জাদুঘর, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘরসহ অন্যান্য জাদুঘর কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষ, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), সংশ্লিষ্ট জেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৫.০। **কর্মসূচি-১০: ০৫-০৮-২০২৬ প্রীতিভোজের আয়োজন:**

**১৫.১ আলোচনা:** জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি অনুযায়ী দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, সরকারি শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্র, প্রতিবন্ধী শিশু কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। অর্থ মন্ত্রণালয় থেকে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে বরাদ্দ প্রদানের বিষয়েও আলোচনা হয়।

**১৫.২ সিদ্ধান্ত: ১৫.২.১** জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষ্যে দেশের সকল সরকারি হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার, পথশিশু পুনর্বাসন কেন্দ্র, শিশু উন্নয়ন কেন্দ্র, প্রতিবন্ধী শিশু কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে পুনর্বাসন কেন্দ্র ও শিশু দিবাযত্ন কেন্দ্রসমূহে প্রীতিভোজের আয়োজন করতে হবে।

১৫.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৬.০। **কর্মসূচি-১১: ০৫-০৮-২০২৬ সড়ক ও সড়কদ্বীপসমূহ সজ্জিতকরণ:**

**১৬.১ আলোচনা:** ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিত করার বিষয়ে আলোচনা হয়। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর থেকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**১৬.২ সিদ্ধান্ত:** ঢাকা ও দেশের বিভিন্ন শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার, ফেস্টুন ও রঙিন নিশান দ্বারা সজ্জিত করতে হবে।

**১৬.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

১৭.০। **কর্মসূচি-১২: ০৫-০৮-২০২৬ স্মারক ডাকটিকিট প্রকাশ:**

**১৭.১ আলোচনা:** 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' উপলক্ষ্যে ডাকটিকেট প্রকাশের বিষয়ে আলোচনা হয়।

**১৭.২ সিদ্ধান্ত:** 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' উপলক্ষ্যে স্মারক ডাকটিকিট প্রকাশ করতে হবে।

**১৭.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক অধিদপ্তর।

১৮.০। **কর্মসূচি-১৩: ০১-০৭-২০২৬ থেকে ০৫-০৮-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং আলোচনা সভার আয়োজন:**

**১৮.১ আলোচনা:** ০১-০৭-২০২৬ থেকে ০৫-০৮-২০২৬ পর্যন্ত সুবিধাজনক সময়ে রচনা, আবৃত্তি, চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে জুলাই গণঅভ্যুত্থান দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে গৃহীত কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে উক্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি জানান যে, মূল কর্মসূচির সাথে সমন্বয় করে উক্ত বিভাগের নিজস্ব কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

**১৮.২ সিদ্ধান্ত:** ০১-০৭-২০২৬ থেকে ০৫-০৮-২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) সকল জেলায় রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে জুলাই গণঅভ্যুত্থান দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করতে হবে।

**১৮.৩ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৯.০। **কর্মসূচি-১৪: ০৫-০৮-২০২৬ জুলাই স্মৃতিস্তম্ভসমূহে আলোকসজ্জা:**

**১৯.১ আলোচনা:** ০৫-০৮-২০২৬ তারিখে জুলাই স্মৃতিস্তম্ভসমূহে আলোকসজ্জা করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি জানান যে, আলোকসজ্জার বিষয়ে আজকের সভায় গৃহীত সিদ্ধান্ত

অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উপস্থিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি জানা যে, জুলাই স্মৃতিস্তম্ভে আলোকসজ্জার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে। এ বিষয়ে সভাপতি বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় নীতি বিবেচনা করে সন্ধ্যার পরে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত আলোকসজ্জার বিষয়ে মতামত প্রদান করেন।

১৯.২ **সিদ্ধান্ত:** ১৯.২.১ জুলাই স্মৃতিস্তম্ভে সন্ধ্যা ৭:০০ হতে রাত ১১:০০ টা পর্যন্ত আলোকসজ্জার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৯.৩ **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ:** মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিদ্যুৎ বিভাগ, সিটি কর্পোরেশন (সকল), বিভাগীয় কমিশনার (সকল), ডিআইজি (সকল), জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল)।

২০.০। উল্লিখিত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সমন্বয়কের ভূমিকা পালন করবে।

২১.০। আগামী ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবসের জাতীয় কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ২টি কমিটি এবং ২টি উপকমিটি গঠন করা হয়:

**কমিটি:**

**(ক) ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে স্টিয়ারিং কমিটি:**
**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | অতিরিক্ত সচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মহাপরিচালক, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর | সদস্য |
| ৪. | মন্ত্রিপরিষদ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৫. | রাষ্ট্রপতির কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৬. | প্রধানমন্ত্রীর কার্যালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৭. | জনপ্রশাসন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৮. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৯. | প্রতিরক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১০. | অর্থ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১১. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১২. | বিদ্যুৎ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১৩. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১৪. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১৫. | পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১৬. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১৭. | সমাজকল্যাণ মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১৮. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ১৯. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২০. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২১. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২২. | স্থানীয় সরকার বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২৩. | স্বাস্থ্য সেবা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |

৩৫৭

| | | |
|---|---|---|
| ২৪. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২৫. | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২৬. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২৭. | নৌ-পরিবহন মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২৮. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি(যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ২৯. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৩০. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৩১. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৩২. | বাণিজ্য মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি (যুগ্মসচিব এর নিচে নয়) | সদস্য |
| ৩৩. | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ৩৪. | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ | সদস্য |
| ৩৫. | বিভাগীয় কমিশনার, ঢাকা | সদস্য |
| ৩৬. | সশস্ত্র বাহিনী বিভাগ এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩৭. | মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩৮. | প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩৯. | জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪০. | পুলিশ কমিশনার, ডিএমপি এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪১. | জেলা প্রশাসক, ঢাকা | সদস্য |
| ৪২. | পুলিশ সুপার, ঢাকা | সদস্য |
| ৪৩. | যুগ্মসচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) **কমিটি ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬** কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক তদারকি, প্রয়োজনীয় সমন্বয় এবং বাস্তবায়নের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ করবে;

(খ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;

(গ) স্টিয়ারিং কমিটি অন্যান্য কমিটির সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/পরামর্শ প্রদান করবে।

**(খ) ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে বাস্তবায়ন কমিটি:**

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন, কল্যাণ-১, অডিট), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | মহাপরিচালক, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল | সদস্য |
| ৪. | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট | সদস্য |
| ৫. | মহাপরিচালক, জুলাই গণঅভ্যুত্থান অধিদপ্তর | সদস্য |
| ৬. | যুগ্মসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | রাষ্ট্রপতির কার্যালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৮. | প্রধানমন্ত্রীর কার্যালয় -এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৯. | মন্ত্রিপরিষদ বিভাগ - এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১০. | অর্থ বিভাগ - এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১১. | স্বরাষ্ট্র মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১২. | পররাষ্ট্র মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৩. | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৪. | প্রতিরক্ষা মন্ত্রণালয় - এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৫. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ১৬. | গণযোগাযোগ অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৭. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৮. | গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৯. | মহাপুলিশ পরিদর্শক এর একজন উপযুক্ত প্রতিনিধি (বিশেষ শাখা) | সদস্য |
| ২০. | উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ | সদস্য |
| ২১. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা | সদস্য |
| ২২. | উপসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ২৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা | সদস্য |
| ২৪. | অতিরিক্ত পুলিশ সুপার, ঢাকা | সদস্য |
| ২৫. | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) | সদস্য |
| ২৬. | উপসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে;

(খ) গৃহীত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কমিটি প্রয়োজনীয় সংখ্যক উপকমিটি গঠনপূর্বক কার্যক্রম সম্পন্ন করবে;

(গ) দিবসের গৃহীত কর্মসূচি বাস্তবায়ন ও প্রস্তুতির অগ্রগতি স্টিয়ারিং কমিটির আহ্বায়ককে অবহিত করবে;

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

**উপকমিটি:**

**(ক) বাণী প্রণয়ন, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশ, সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ সংক্রান্ত উপকমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | রাষ্ট্রপতির কার্যালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩. | প্রধানমন্ত্রীর কার্যালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪. | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫. | উপসচিব (প্রশাসন-২), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | পিআইডি- এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৭. | তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | গণযোগাযোগ অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| ৯. | বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি | সদস্য |
| ১০. | বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি | সদস্য |
| ১১. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| ১২. | কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য-সচিব |

**উপকমিটির কার্যপরিধি:**

(ক) ০৫ আগস্ট জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে বাণী প্রণয়ন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) ইলেক্ট্রনিক মিডিয়ায় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ;

১৩৮৫

(গ) সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশ;

(ঘ) জনগণকে অবহিতকরণের নিমিত্ত প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(ঙ) উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

বি:দ্র: সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় তাঁর মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে উক্ত উপকমিটির আহ্বায়কের দায়িত্ব অর্পণ করবেন।

## (খ) কর্মসূচি বাস্তবায়নে নিরাপত্তা, ট্রাফিক ও পুলিশ ব্যবস্থাপনা সংক্রান্ত উপকমিটি:

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | | |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (ক্রাইম এন্ড অপস), বাংলাদেশ পুলিশ | - | আহ্বায়ক |
| ২. | পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), ঢাকা | - | সদস্য |
| ৩. | সশস্ত্র বাহিনী বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৪. | ডিআইজি, (ঢাকা রেঞ্জ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৫. | পুলিশ (স্পেশাল ব্রাঞ্চ) এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৬. | জেলা প্রশাসক, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ৯. | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ১০. | পুলিশ সুপার, ঢাকা | - | সদস্য |
| ১১. | উপপুলিশ কমিশনার (পশ্চিম), ডিএমপি, ঢাকা | - | সদস্য |
| ১২. | র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৩. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৪. | ডিজিএফআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৫. | এনএসআই এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৬. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৭. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৮. | স্বাস্থ্য অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ১৯. | গণপূর্ত অধিদপ্তর এর একজন উপযুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| ২০. | কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | - | সদস্য-সচিব |

**উপ-কমিটির কার্যপরিধি:**

(ক) গৃহীত কর্মসূচি বাস্তবায়নে সার্বিক নিরাপত্তা, সুষ্ঠু ট্রাফিক ব্যবস্থাপনা ও পুলিশের কর্মবন্টনের যাবতীয় কার্যক্রম গ্রহণ, তদারকি ও সমন্বয়;

(খ) উপকমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

২২.০। শুধু আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ না রেখে জুলাই গণঅভ্যুত্থানের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে সবাইকে ঐক্যবদ্ধ ও আন্তরিকভাবে কাজ করতে হবে জানিয়ে গৃহীত কর্মসূচিসমূহ সফল করার জন্য সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সকলের দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় প্রতিমন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় দিবসটি পালনে গৃহীত কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে একটি সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখার আহ্বান জানান।

২৩.০। সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' এর সকল কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগিতার আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৪/২৬

আহমেদ আযম খান, এমপি
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।